# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

**www.dhakaeducationboard.gov.bd**

## একাদশ শ্রেণির(২০১৭-১৮ শিক্ষাবর্ষ) ছাড়পত্রের বিজ্ঞপ্তি

স্মারক নং- ছাড়পত্র/একাদশ/১৭-১৮/বিবিধ/০৯ তারিখ: ৩০/১০/২০১৭

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীরা আগামী ০১/১১/২০১৭ইং হতে ৩১/১২/২০১৭ইং তারিখের মধ্যে ঢাকা বোর্ডের আওতাধীন কলেজ পরিবর্তনের লক্ষ্যে অনলাইনে ছাড়পত্রের আবেদন করতে পারবে ।

**অনলাইনে টিসি আবেদনের পদ্ধতি নিম্নরূপ:-**

১। প্রথমে ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট **(www.dhakaeducationboard.gov.bd)** এ গিয়ে **e-TC** বাটনে ক্লিক করে টিসি আবেদন ফরম পূরণ করে 'Submit Your Application' বাটনে ক্লিক করতে হবে। এক্ষেত্রে অবশ্যই শিক্ষার্থীর অধ্যয়নরত এবং টিসির মাধ্যমে কাঙ্খিত উভয় কলেজে পঠিত বিষয়সমূহ একই হতে হবে। আবেদন সাবমিট হওয়ার পর শিক্ষার্থী প্রদত্ত মোবাইল নম্বরে একটি গোপনীয় Security Code সহ SMS পাবে এবং এই Security Code দিয়ে শিক্ষার্থী পরবর্তীতে তার আবেদনে প্রবেশ করতে পারবে । শিক্ষার্থী Print Transfer Certificate Information বাটনে ক্লিক করে নিজ আবেদনটি ও Print Sonali Seba বাটনে ক্লিক করে সোনালী সেবা স্লিপটি প্রিন্ট করে নিজের কাছে রাখবে।

২। শিক্ষার্থী সঠিকভাবে আবেদন সাবমিট করলে অধ্যয়নরত কলেজ একটি SMS পাবে। তখন কলেজ বোর্ডের ওয়েব সাইটে গিয়ে OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে TC(Transfer Certificate) আবেদন দেখতে পারবে। অত:পর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি অবশ্যই Forward করবে।

৩। প্রথম কলেজ আবেদনটি Forward করার পর টিসির জন্য আবেদনকৃত কলেজ একইভাবে একটি SMS পাবে এবং OEMS এর মাধ্যমে Login করে Transfer Certificate অপশনে ক্লিক করলে আবেদন দেখতে পারবে। অত:পর উক্ত প্রতিষ্ঠান আবেদনটি Forward অথবা Reject করবে।

৪। টিসির জন্য আবেদনকৃত কলেজ অর্থাৎ TC আবেদন Forward করলে শিক্ষার্থী একটি SMS পাবে। এরপর অনলাইনে আবেদন সাবমিট করার সময় প্রাপ্ত সোনালী সেবা স্লিপের মাধ্যমে সোনালী ব্যাংকের যে কোন অনলাইন শাখার টিসি ফি -৬০০/- (ছয় শত) টাকা জমা দিবে। সোনালী সেবার স্লিপ বোর্ডে জমা দেওয়ার প্রয়োজন নাই এটি শিক্ষার্থী সংরক্ষণ করবে ।

৫। শিক্ষার্থী তার আবেদন কোথায় কোন অবস্থায় আছে জানার জন্য ঢাকা বোর্ডের ওয়েবসাইটে গিয়ে **e-TC** বাটনে ক্লিক করে Transfer Certificate Status এ গিয়ে তার আবেদনের অবস্থা জানতে পারবে।

৬। TC এর জন্য আবেদনকৃত কলেজ কর্তৃক আবেদন Forward এবং শিক্ষার্থী কর্তৃক ফি জমা দেওয়ার পর বোর্ড কর্তৃক TC আবেদন অনুমোদন বিবেচনা করা হবে। TC আবেদন অনুমোদিত হলে শিক্ষার্থী একটি SMS পাবে। তখন সে বোর্ডের ওয়েবসাইট থেকে এটি প্রিন্ট নিয়ে আবেদনকৃত কলেজে ভর্তির কার্যাদি সম্পন্ন করবে ।

**বোর্ড পরিবর্তনের মাধ্যমে টিসি আবেদনের ক্ষেত্রে পদক্ষেপ নিম্নরূপ:-**

১। বোর্ড পরিবর্তনের মাধ্যমে টিসি অনলাইনে সম্পন্ন করা হবে না । ম্যানুয়াল পদ্ধতিতে এটির কার্যক্রম সম্পন্ন হবে ।

২। ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানের শিক্ষার্থীকে অন্য যে কোন বোর্ডের আওতাধীন প্রতিষ্ঠানে যেতে হলে ঢাকা বোর্ডের ওয়েবসাইট থেকে টিসি ফরম ডাউনলোড করে সঠিকভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ এবং ফরমের নির্দেশনা মোতাবেক সোনালী সেবার মাধ্যমে টিসি ফি প্রদান করে ঢাকা বোর্ডে আবেদন জমা প্রদান করে একটি TN(Traking Number) নম্বর সংগ্রহ করতে হবে ।

৩। অন্য যে কোন শিক্ষা বোর্ড থেকে আগত শিক্ষার্থীর একইভাবে ফরম পূরণ করে টিসির মাধ্যমে ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষের সুপারিশ এবং পূর্ববর্তী শিক্ষা বোর্ডের TC এর আদেশের কপিসহ ফরমের নির্দেশনা মোতাবেক ঢাকা বোর্ডে জমা প্রদান করে একটি TN নম্বর সংগ্রহ করতে হবে ।

৪। বোর্ড কর্তৃক টিসি আবেদন অনুমোদনের আদেশ বোর্ডের ওয়েবসাইটে **(www.dhakaeducationboard.gov.bd)** প্রকাশ করা হবে। শিক্ষার্থী বোর্ডের ওয়েবসাইটে গিয়ে College Order বাটনে ক্লিক করলে TC (Transfer Certificate) এর অফিস আদেশ দেখতে পারবে এবং TN অনুযায়ী প্রিন্ট নিয়ে কলেজে ভর্তির কার্যাদি সম্পাদন করবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

৩০/১০/২০১৭

প্রফেসর ড. মো: আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড , ঢাকা

# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

## বোর্ড পরিবর্তনের মাধ্যমে ছাড়পত্রের অনুমতির আবেদন(B.T.C)

| TN | | | | |
|---|---|---|---|---|
| বোর্ড কর্তৃক পূরণীয় | | | | |

বরাবর
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

বিষয়ঃ ২০১৭-১৮ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীর ছাড়পত্রের অনুমতির আবেদন।

মহোদয়,
সবিনয় নিবেদন, আমি বর্তমানে একাদশ শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। বোর্ডের অনুমতিক্রমে ছাড়পত্র নিয়ে আমি ৬ নং ক্রমিকে বর্ণিত কলেজে পড়াশুনা করতে ইচ্ছুক। অনুগ্রহপূর্বক আমার আবেদন মঞ্জুর করে বাধিত করবেন।

আমার তথ্যসমূহ:

১। এসএসসি'র রোল নম্বর : .................................... পাসের সন : ............................. বোর্ড :........................................

রেজিস্ট্রেশন নম্বর : ........................................................................................ .......সেশন..............................................

২। নিজ নাম (বাংলায়) :.......................................................................... মোবাইল...........................................

নিজ নাম (ইংরেজীতে এসএসসি অনুযায়ী) :...............................................................................................................

৩। পিতার নাম (ইংরেজী বড় অক্ষরে) :........................................................................ মোবাইল...........................................

৪। মাতার নাম (ইংরেজী বড় অক্ষরে)............................................................................. মোবাইল...........................................

৫। বর্তমান কলেজের নাম (ইংরেজি বড় অক্ষরে) :...................................................... EIIN................বোর্ড...................

৬। ভর্তিচ্ছু কলেজের নাম (ইংরেজি বড় অক্ষরে) :...................................................... EIIN................ বোর্ড ... ..............

৭। শিক্ষার্থীর পাঠ্য বিষয়সমূহ : আবশ্যিক- ১. বাংলা (১০১,১০২) ২. ইংরেজী (১০৭,১০৮) ৩. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (২৭৫)

ঐচ্ছিক (বিষয় কোডসহ)- (১)........................................................ (২)........................................................

(৩)...............................................................................(৪র্থ বিষয়).......................................................................

৮। ছাড়পত্র গ্রহণের কারণ :.........................................................................................................................

৯। শিক্ষার্থীর বর্তমান ঠিকানা :..................................................................................................................

১০। সোনালী সেবার রশিদ নং:...................................... শাখার নাম :................................. তারিখ.................................

**শিক্ষার্থীর পূর্ণ নাম ও স্বাক্ষর**

---

বর্তমান কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

আবেদনকারী অত্র কলেজে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির একজন নিয়মিত শিক্ষার্থী। ৭ নং ক্রমিকে বর্ণিত বিষয়সহ এ বোর্ডে তার নাম রেজিস্টেশনের জন্য eSIF পূরণের ব্যবস্থা নেয়া হয়েছে। ইতোপূর্বে এই কলেজ ব্যতীত অত্র বোর্ডের বা অন্য বোর্ডের আওতাধীন অন্য কোন কলেজ থেকে তার নাম রেজিস্ট্রেশন করা হয়নি। আবেদনকারী শিক্ষার্থীর পড়াশুনার উপর এ বোর্ড বা অন্য কোন বোর্ডের কোনরূপ নিষেধাজ্ঞা নেই। আবেদনকারী শিক্ষার্থীর এসএসসি/সমমানের মূল ট্রান্সক্রিপ্ট বোর্ডে সংরক্ষিত আছে। উল্লেখিত তথ্য ও বিষয়সমূহ সত্য ও সঠিক। বোর্ড অনুমতি প্রদান করলে ছাড়পত্র ইস্যু করা হবে।

অধ্যক্ষের মোবাইল নং :..........................................

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল
তারিখ:..........

---

ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়ন

অত্র কলেজে ................................... বিভাগে ২০১৭-১৮ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণিতে বোর্ড কর্তৃক ...................... আসন বরাদ্দের বিপরীতে .................. জন অধ্যয়নরত আছে। ক্রমিক- ৭ এ বর্ণিত শিক্ষার্থীর পঠিত বিষয়সমূহ অত্র কলেজে অনুমোদন আছে বিধায় একাদশ শ্রেণিতে ........................ তম শিক্ষার্থী হিসেবে ছাড়পত্রের অনুমতির জন্য সুপারিশ করা হলো।

অধ্যক্ষের মোবাইল নং :..........................................

অধ্যক্ষের স্বাক্ষর ও সীল
তারিখ:.........................

## ছাড়পত্র বিষয়ক গুরুত্বপূর্ণ নির্দেশনা

**১। আবেদনের নিয়মাবলী ঃ-**

ক. শিক্ষার্থীর মূল কলেজেই রেজিস্ট্রেশনের (eSIF পূরণ) কাজ সম্পন্ন করতে হবে। কোন ভাবেই ছাড়পত্রের মাধ্যমে নতুনভাবে ভর্তিকৃত কলেজ হতে এ কাজ সম্পন্ন করা যাবে না।

খ. অনিয়মিত শিক্ষার্থীদের ছাড়পত্রের মাধ্যমে কলেজ পরিবর্তনের অনুমতি দেয়া হয় না।

গ. ছাড়পত্রের মাধ্যমে কোনভাবেই আসন সংখ্যার অতিরিক্ত ভর্তি করা যাবে না।

ঘ. প্রতিটি কলেজ কতজন শিক্ষার্থীকে ছাড়পত্রের মাধ্যমে ভর্তির অনুমতির জন্য সুপারিশ করছে তার রেজিস্ট্রার তৈরী করবে এবং ভর্তিচ্ছু কলেজের অধ্যক্ষ তার প্রত্যয়নে শিক্ষার্থীর ক্রমিক উল্লেখ করবে।

ঙ. আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশসহ **৩০/১০/২০১৭ হতে ৩১/১২/২০১৭** তারিখের মধ্যে বোর্ডের কলেজ পরিদর্শক এর দপ্তরে পৌছাতে হবে। উল্লেখ্য, উভয় কলেজের অধ্যক্ষের সুপারিশ প্রাপ্তির অনধিক ০৫ (পাঁচ) কর্মদিবসের মধ্যে আবেদন পত্র বোর্ডে জমা দিতে হবে।

চ. বোর্ড কর্তৃক ছাড়পত্রের আদেশ জারির ০৭ (সাত) দিনের মধ্যে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ছ. অধ্যক্ষের স্বাক্ষর গ্রহণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র (একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও প্রবেশপত্রের ফটোকপি) ও সোনালী ব্যাংকের ৬০০/- (ছয়শত) টাকার সোনালী সেবার রশিদসহ আবেদনটি কলেজ শাখার ৩০৬ নং কক্ষে জমা দিয়ে **TN (Tracking Number) নিবে যা অবশ্যই সংরক্ষণ করতে হবে।**

ঝ. শিক্ষার্থী তার ছাড়পত্রের অনুমতির আদেশ বোর্ডের ওয়েবসাইট হতে সংগ্রহ করবে। এর জন্য তাকে ঢাকা বোর্ডের ওয়েবসাইট www.dhakaeducationboard.gov.bd এর College Order এবং তারপর Transfer Certificate এ ক্লিক করতে হবে। অতঃপর প্রদত্ত TN (Tracking Number) দেখে শিক্ষার্থী তার নিজের আদেশটি Print করে নিবে। **এই আদেশের প্রেক্ষিতে ভর্তিকৃত কলেজ থেকে TC নিয়ে প্রার্থীত কলেজে ভর্তি হবে।**

**২। আবেদনের সাথে অবশ্যই জমা দিতে হবে ঃ-**

ক. সচিব, বিআইএসই, ঢাকা -এর অনুকূলে সোনালী ব্যাংকের যেকোন শাখা থেকে ৬০০/- (ছয়শত) টাকা সোনালী সেবার স্লিপ।

খ. এসএসসি/সমমানের পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট, রেজিস্ট্রেশন কার্ড এবং প্রবেশপত্রের ফটোকপি।

গ. একাদশ শ্রেণির চূড়ান্ত পরীক্ষার নম্বরপত্র/একাডেমিক ট্রান্সক্রিপ্ট।

**৩। আবেদনের সাথে অবশ্যই জমা দিতে হবে ( ভিন্ন বোর্ড থেকে আগত শিক্ষার্থীর ক্ষেত্রে ) :-**

ক. ভর্তির পূর্বেই ঢাকা শিক্ষা বোর্ড থেকে বিধি মোতাবেক ছাড়পত্রের আদেশ গ্রহণ করতে হবে।

খ. সচিব, বি আই এস ই, ঢাকা এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা থেকে ৩৪২/- (তিনশত বিয়াল্লিশ) টাকা সোনালী সেবার মাধ্যমে জমা করতে হবে।

গ. শিক্ষার্থীর ছবিযুক্ত সিডি ।

ঘ. শিক্ষার্থীর মূল রেজিস্ট্রেশন কার্ড।

ঙ. একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফটোকপি।

**বিঃদ্রঃ** ভুল তথ্য প্রদান করলে শিক্ষার্থী ও স্ব স্ব প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন ।

চেয়ারম্যানের আদেশক্রমে

৩০/১০/২০১৭

প্রফেসর ড. মোঃ আশফাকুস সালেহীন
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।
ফোন: ৫৮৬১২৪৭৬